

অধ্যক্ষ নেওয়াজের বিতর্কিত ইংরেজি গ্রামার বাজেয়াপ্ত

মতিঝিল আইডিয়াল স্কুল, এন্ড কলেজ-এর সাবেক অধ্যক্ষ এ কে নেওয়াজ প্রণীত ইংলিশ গ্রামার স্পেশাল কমিউনিকেশন ফাংশনাল ইংলিশ গ্রামার এন্ড কম্পোজিশন সরকার বাজেয়াপ্ত করেছে। এক তথ্য বিবরণীতে জানানো হয়, বইয়ের দেখকের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে। বাসস।

এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র জাহিদ হাসান জনি-লিখিত কবিতার বই 'দেশ প্রেমিকের অগোছালো সংলাপ' সরকার বাজেয়াপ্ত করেছে। এতে রাষ্ট্র, সরকার, সমাজ ও সংস্কৃতিবিরোধী বিভিন্ন বক্তব্য লিপিবদ্ধ থাকায় বইটির প্রকাশনা, বিক্রয়, বিতরণ ও সংরক্ষণ নিষিদ্ধ করা হয়েছে।